## Press Release

### Seminar on Rebuilding Trust, Renewing Regional Integration: Pathways for Revitalising SAARC on 06 July 2026

Venue: BIISS Auditorium, Dhaka

---

The Bangladesh Institute of International and Strategic Studies (BIISS) organised a seminar on **"Rebuilding Trust, Renewing Regional Integration: Pathways for Revitalising SAARC"** on Monday, 06 July 2026 at the BIISS Auditorium, Dhaka. **H.E. Shama Obaed Islam, MP,** Honourable State Minister, Ministry of Foreign Affairs, Government of the People's Republic of Bangladesh, attended the seminar as the Chief Guest. **Major General A S M Ridwanur Rahman, awc, afwc, psc, G, Director General, BIISS**, delivered the welcome address and chaired the seminar.

The keynote presentation was delivered by **Ambassador Tariq A. Karim**, Advisor, Centre for Bay of Bengal Studies, Independent University, Bangladesh, and Distinguished Visiting Research Fellow, Institute of South Asia Studies, National University of Singapore. The seminar also featured a panel discussion comprising **Professor Dr. Niloy Ranjan Biswas**, Department of International Relations, University of Dhaka, and **Md. Shamsul Haque**, Former Additional Foreign Secretary (SAARC & BIMSTEC), Ministry of Foreign Affairs, Government of the People's Republic of Bangladesh, and Chief Executive Officer, Coders Trust Bangladesh.

An interactive open discussion followed the keynote presentation and panel discussion. Participants exchanged views on the structural limitations that have constrained SAARC's effectiveness, the impact of regional geopolitical dynamics, and opportunities for advancing functional cooperation despite existing political differences.

In her address, the Chief Guest, **H E Shama Obaed Islam, MP,** reaffirmed Bangladesh's longstanding commitment to regional cooperation and highlighted the importance of revitalising SAARC as a platform for promoting peace, stability, economic prosperity, and sustainable development in South Asia. She emphasised that renewed regional dialogue and strengthened institutional cooperation are indispensable for addressing shared challenges and unlocking the region's vast economic and strategic potential.

Senior officials from different ministries and government agencies, ambassadors, high commissioners, former diplomats, senior civil and military officials, representatives from regional and international organisations, members of academia, researchers, university faculty members and students, media representatives, and policy practitioners participated in the seminar.

<u>সংবাদ বিজ্ঞপ্তি</u>

**Seminar on**

**“Rebuilding Trust, Renewing Regional Integration: Pathways for Revitalising SAARC”**

সোমবার, ০৬ জুলাই ২০২৬

Venue: BIISS Auditorium, Dhaka

---

বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) **“Rebuilding Trust, Renewing Regional Integration: Pathways for Revitalising SAARC”** শীর্ষক একটি সেমিনার ০৬ জুলাই ২০২৬, সোমবার, বিআইআইএসএস অডিটোরিয়ামে আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী **শামা ওবায়েদ ইসলাম, এমপি।** স্বাগত বক্তব্য প্রদান করেন এবং সেমিনারে সভাপতিত্ব করেন বিআইআইএসএস-এর মহাপরিচালক **মেজর জেনারেল আ স ম রিদওয়ানুর রহমান, এডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি, জি**।

সেমিনারের মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশের সেন্টার ফর বে অব বেঙ্গল স্টাডিজ-এর উপদেষ্টা এবং ন্যাশনাল ইউনিভার্সিটি অব সিঙ্গাপুরের ইনস্টিটিউট অব সাউথ এশিয়া স্টাডিজ-এর বিশিষ্ট ভিজিটিং রিসার্চ ফেলো **রাষ্ট্রদূত তারিক এ. করিম।** এছাড়া সেমিনারে একটি প্যানেল আলোচনায় অংশ নেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের **অধ্যাপক ড. নিলয় রঞ্জন বিশ্বাস** এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের (সার্ক ও বিমসটেক) সাবেক অতিরিক্ত পররাষ্ট্রসচিব ও কোডার্স ট্রাস্ট বাংলাদেশের প্রধান নির্বাহী কর্মকর্তা **মো. শামসুল হক।**

মূল প্রবন্ধ উপস্থাপনা ও প্যানেল আলোচনার পর একটি উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। এতে অংশগ্রহণকারীরা সার্কের কার্যকারিতা সীমিত করে রাখার পেছনে কাঠামোগত প্রতিবন্ধকতা, আঞ্চলিক ভূরাজনৈতিক গতিশীলতার প্রভাব এবং বিদ্যমান রাজনৈতিক মতপার্থক্য থাকা সত্ত্বেও কার্যকর আঞ্চলিক সহযোগিতা জোরদারের সম্ভাবনা নিয়ে মতবিনিময় করেন।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় প্রতিমন্ত্রী **শামা ওবায়েদ ইসলাম, এমপি**, আঞ্চলিক সহযোগিতার প্রতি বাংলাদেশের দীর্ঘদিনের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন এবং দক্ষিণ এশিয়ায় শান্তি, স্থিতিশীলতা, অর্থনৈতিক সমৃদ্ধি ও টেকসই উন্নয়ন নিশ্চিত করার একটি কার্যকর প্ল্যাটফর্ম হিসেবে সার্ককে পুনরুজ্জীবিত করার গুরুত্ব তুলে ধরেন। তিনি বলেন, অভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলা এবং দক্ষিণ এশিয়া অঞ্চলের বিপুল অর্থনৈতিক ও কৌশলগত সম্ভাবনাকে কাজে লাগাতে নবায়িত আঞ্চলিক সংলাপ ও শক্তিশালী প্রাতিষ্ঠানিক সহযোগিতা অপরিহার্য।

সেমিনারে বিভিন্ন মন্ত্রণালয় ও সরকারি সংস্থার ঊর্ধ্বতন কর্মকর্তা, বিভিন্ন দেশের রাষ্ট্রদূত ও হাইকমিশনার, সাবেক কূটনীতিক, বেসামরিক ও সামরিক বাহিনীর জ্যেষ্ঠ কর্মকর্তা, আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধি, শিক্ষাবিদ, গবেষক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, গণমাধ্যমকর্মী এবং নীতিনির্ধারণ-সংশ্লিষ্ট পেশাজীবীরা অংশগ্রহণ করেন।